# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

ফোনঃ ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email:dgmicd@krishibank.org.bd


প্রকা/অনিবি/প্রশা-৪৯/২০১৮-২০১৯/ ৬৩(৫২)

তারিখ ঃ ১৫/০৭/২০১৮

১। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়,
ঢাকা/নারায়নগঞ্জ/নরসিংদী/মুন্সীগঞ্জ/টাংগাইল(উঃ)/ টাংগাইল(দঃ)/ ময়মনসিংহ(দঃ)/ ময়মনসিংহ(উঃ)/
জামালপুর/শেরপুর/কিশোরগঞ্জ/চট্টগ্রাম(পূর্ব)/কক্সবাজার/কুমিল্লা/বি-বাড়িয়া/নোয়াখালী/ফেনী/
লক্ষীপুর/হবিগঞ্জ/মৌলভী বাজার/সুনামগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/যশোর/কুষ্টিয়া/মাগুরা/বরিশাল/
ভোলা/ঝালকাঠি/বরগুনা/ফরিদপুর/গোপালগঞ্জ/মাদারীপুর/শরীয়তপুর।

২। আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়,
পটিয়া/বান্দরবান/খাগড়াছড়ি/লাকসাম/নড়াইল/চুয়াডাঙ্গা।

বিষয়ঃ পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১/০৩/২০১৮ তারিখের ১৪তম এবং ২১/০৬/২০১৮ তারিখের ১৫তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে ১১/০৭/২০১৮ তারিখের প্রকা/অনিবি/প্রশা-৪৯/২০১৮-২০১৯/৫৪(১২৫০) নং পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ২১/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত ১৪তম পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী শাখা ব্যবস্থাপক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত চেক লিষ্ট অনুযায়ী নিজেই নিজের শাখা পরিদর্শন করে প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ হতে ১০/০৪/২০১৮ তারিখে সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক বরাবরে পত্র লিখা হয় এবং পরিদর্শন প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে না পাওয়ায় পুনরায় ১০/০৬/২০১৮ তারিখে ১১৮৪ নং পত্রের মাধ্যমে তাগিদ প্রদান করা হয়।

০৩। ২১/০৬/২০১৮ তারিখের ১৫তম সভায় ১৪তম সভার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হলে পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন ঃ

" ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের তাদের অধীনস্থ সকল শাখা ব্যবস্থাপকদেরকে নিজেই নিজের শাখা পরিদর্শন করে এতদসংক্রান্ত প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিগত ১০/০৪/২০১৮ তারিখে অনুরোধ করা সত্বেও শুধুমাত্র ০৬টি শাখার প্রতিবেদন পাওয়া যায়, যা অত্যন্ত দুঃখজনক ও অনাকাংখিত বটে। উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ নির্দেশনা না মানা অসদাচরণের সামিল। বিষয়টি গুরুত্ব বিবেচনায় সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গুরুত্ব সহকারে না নেয়ার বিষয়টি ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করতে হবে এবং তাদের সকলের বিরুদ্ধে অবিলম্বে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। অধিকন্তু সকলের নিকট হতে জবাব সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদানে ব্যর্থ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।"

০৪। দীর্ঘ ০৩(তিন) মাস অতিবাহিত হওয়ার পরও আপনার অঞ্চলস্থিত কোন শাখার প্রতিবেদন পাওয়া যায়নি। এমতাবস্থায়, আপনার অঞ্চলাধীন সকল শাখা হতে পরিদর্শন প্রতিবেদন সংগ্রহ করে সমন্বিত প্রতিবেদন অত্র বিভাগে ২৫/০৭/২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রতিবেদনে মাসের নাম এবং অঞ্চলের নাম উল্লেখ একান্তই প্রয়োজন।

০৫। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত,

১৫/৭/২০১৮
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়।
০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৩। নথি মহানথি।

D:\Diba\Letter.docx